



সারো Shaaro

অভিভাবকদের জন্য

সারো: অভিভাবকের ছোট গাইড

কিছু ইনস্টল করতে হয় না। SMS-এর লিংকেই সব।

আপনার সন্তানের স্কুল সারো চালালে আপনি SMS পাবেন। এই গাইডে লেখা কোন SMS কেন আসে, আর লিংক খুললে কী দেখবেন।

সূচিপত্র

১ কোন SMS কেন আসে

২ লিংক খুললে

কোন SMS কেন আসে

পাঁচ রকম বার্তা, সব বাংলায়।

SMS	কখন
অনুপস্থিতি	সন্তান স্কুলে না এলে, হাজিরার পাঁচ মিনিটের মধ্যে
বাড়ির কাজ	শিক্ষক চাইলে, সেদিনের কাজ এক লাইনে
রেজাল্ট	প্রধান শিক্ষক রেজাল্ট অনুমোদন দিলে
নোটিশ ও পরীক্ষার রুটিন	স্কুল জানাতে চাইলে
ফি	বেতন বা ফি বাকি থাকলে, পেমেন্ট লিংকসহ




SMS বন্ধ করতে চাইলে উত্তরে STOP লিখে পাঠান। আর কোনো বার্তা যাবে না।

লিংক খুললে

লগইন লাগে না। সাধারণ ফোনেও খোলে।

SMS-এর লিংকে ট্যাপ করলে আপনার সন্তানের পাতা খোলে: এই মাসের হাজিরা, সর্বশেষ রেজাল্ট, রিপোর্ট কার্ড, সামনের তারিখ আর বাড়ির কাজ। পাতাটা খুব হালকা, কম নেটেও খোলে।



ছবি ১. অভিভাবকের পাতা। সবুজ উপস্থিত, লাল অনুপস্থিত, হলুদ দেরি।

আপনি শুধু নিজের সন্তানের তথ্য দেখেন। মেধাক্রম বা অন্য শিক্ষার্থীর কিছু দেখানো হয় না। প্রশ্ন থাকলে নিচের **স্কুলে ফোন** চাপুন।

ফি দিতে হলে লিংকে চাপ দিয়ে বিকাশ, নগদ বা কার্ডে দিন। রসিদ ফোনেই আসে।

shaaro.net · hello@shaaro.net · পর্দার ছবিতে নাম ও সংখ্যা নমুনা।